-২৫৪

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন,ঢাকা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.২০৭.০১১.০৩.০২.৫০৬৪.২০০৫—১৫৭

তারিখ-২২/০৫/২০১৭খ্রিঃ

অভিযোগ বিবরণী

ড.আব্দুর রাজ্জাক, প্রকৌশল বিভাগ, অঞ্চল-০৫ এ নির্বাহী প্রকৌশলী(পুর) হিসেবে কর্মরত ছিলেন। বর্তমানে স্থানীয় সরকার বিভাগের ০৮/০৬/২০১৬ তারিখের ৪৬. ০০. ০০০০. ০৭০. ০২৫. ৩০৫.২০১৩-৬২১ নম্বর স্মারকের প্রেষণ মঞ্জুরী অনুযায়ী Ritsumeikan University, Japan এর অধীন Post-Doctoral Fellow হিসেবে গবেষণা কাজে অংশগ্রহণের জন্য জাপান ও কানাডায় অবস্থান করছেন। তাকে স্থানীয় সরকার বিভাগের ০৮/০৬/২০১৬ তারিখের ৪৬. ০০. ০০০০. ০৭০. ০২৫. ৩০৫.২০১৩-৬২১ নম্বর স্মারক অনুযায়ী ০১/০৬/২০১৬ থেকে ২৫/১২/২০১৬ খ্রিঃ পর্যন্ত প্রেষণ মঞ্জুর করা হয়। তিনি বিগত ১৮/১২/২০১৬ খ্রিঃ তারিখে ৩১ডিসেম্বর,২০১৯ পর্যন্ত ছুটির মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করেন। বিধিগত সুযোগ না থাকায় কর্তৃপক্ষ তার আবেদন বিবেচনা করেননি এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিগত ২২/০১/২০১৭ খ্রিঃ তারিখের ১১৭ নম্বর স্মারকে তাকে ৩১/০১/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। তিনি কর্তৃপক্ষের আদেশ অমান্য করে কাজে যোগদান করেননি এবং কর্তৃপক্ষের বিনানুমতিতে বহিঃবাংলাদেশ অবস্থান করে বিগত ২৯/০১/২০১৭ খ্রিঃ তারিখ ছুটির মেয়াদ বৃদ্ধির জন্য পুনরায় আবেদন করেন। কর্তৃপক্ষ ২৮/০২/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে তাকে কাজে যোগদানের পুনরায় নির্দেশনা প্রদান করেন এবং কারণ দর্শানো নোটিশ প্রদান করেন। এতদ্‌সত্ত্বেও তিনি কাজে যোগদান না করে পুনরায় ছুটি সমন্বয় পূর্বক ছুটির মেয়াদ বৃদ্ধির আবেদন করেছেন।

তাঁর এরুপ কর্মকান্ড ঢাকা পৌর কর্পোরেশন কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৮৯ এর ৩৯ (ক), (খ) ও (গ) উপ-ধারা মোতাবেক উপ-ধারা মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা,অসদাচরণ ও পলায়নের অপরাধের শামিল এবং শাস্তিযোগ্য অপরাধ।

২৭/৫/২০১৭

(মোঃ মেসবাহুল ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ফোন ঃ ৯৮৯৪৩৯২
ফ্যাক্স ঃ ৮৮৩৪৮৯৩

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন,ঢাকা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.২০৭.০১১.০৩.০২.৫০৬৪.২০০৫--১৫৬

তারিখ--২২/০৫/১৭ খ্রিঃ

বিষয়ঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, প্রকৌশল বিভাগ,অঞ্চল-০৫ এর নির্বাহী প্রকৌশলী(পুর) ড.আব্দুর রাজ্জাক এর বিরুদ্ধে ঢাকা পৌর কর্পোরেশনের কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৮৯ এর ৩৯নং বিধির অধীনে বিভাগীয় মামলা রুজু প্রসঙ্গে।

বিভাগীয় মামলা নং-০৯/২০১৭
ডিএনসিসি বনাম ড.আব্দুর রাজ্জাক
অভিযোগনামা

যেহেতু আপনি ড.আব্দুর রাজ্জাক, প্রকৌশল বিভাগ, অঞ্চল-০৫ এ নির্বাহী প্রকৌশলী(পুর) হিসেবে কর্মরত ছিলেন। বর্তমানে স্থানীয় সরকার বিভাগের ০৮/০৬/২০১৬ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.০২৫.৩০৫.২০১৩-৬২১ নম্বর স্মারকের প্রেষণ মঞ্জুরী অনুযায়ী Ritsumeikan University, Japan এর অধীন Post-Doctoral Fellow হিসেবে গবেষণা কাজে অংশগ্রহণের জন্য জাপান ও কানাডায় অবস্থান করছেন।

যেহেতু আপনাকে স্থানীয় সরকার বিভাগের ০৮/০৬/২০১৬ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.০২৫.৩০৫.২০১৩-৬২১ নম্বর স্মারক অনুযায়ী ০১/০৬/২০১৬ থেকে ২৫/১২/২০১৬ খ্রিঃ পর্যন্ত প্রেষণ মঞ্জুর করা হয়। আপনি বিগত ১৮/১২/২০১৬ খ্রিঃ তারিখে ৩১ডিসেম্বর,২০১৯ পর্যন্ত ছুটির মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করেন।

যেহেতু বিধিগত সুযোগ না থাকায় কর্তৃপক্ষ আপনার আবেদন বিবেচনা করেননি এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিগত ২২/০১/২০১৭ খ্রিঃ তারিখের ১১৭ নম্বর স্মারকে আপনাকে ৩১/০১/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

যেহেতু আপনি কর্তৃপক্ষের আদেশ অমান্য করে কাজে যোগদান করেননি এবং কর্তৃপক্ষের বিনানুমতিতে বহিঃবাংলাদেশ অবস্থান করে বিগত ২৯/০১/২০১৭ খ্রিঃ তারিখ ছুটির মেয়াদ বৃদ্ধির জন্য পুনরায় আবেদন করেন। কর্তৃপক্ষ ২৮/০২/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে আপনাকে কাজে যোগদানের পুনরায় নির্দেশনা প্রদান করেন এবং কারণ দর্শানো নোটিশ প্রদান করেন। এতদ্‌সত্ত্বেও আপনি কাজে যোগদান না করে পুনরায় ছুটি সমন্বয় পূর্বক ছুটির মেয়াদ বৃদ্ধির আবেদন করেছেন।

যেহেতু আপনাকে কর্মস্থলে যোগদান করার জন্য পত্র প্রেরণ করা সত্ত্বেও আপনি কর্মস্থলে যোগদান না করে বিনানুমতিতে ২৬/১২/২০১৬ খ্রিঃ থেকে বহিঃবাংলাদেশ অবস্থানসহ কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আপনার অনুপস্থিতির কারণে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সেবামূলক কর্মকান্ড মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। আপনার এহেন আচরণ ঢাকা পৌর কর্পোরেশন কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৮৯ এর বিধি ৩৯ মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা ও অসদাচরণ ও পলায়নের শামিল এবং শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু আপনাকে ঢাকা পৌর কর্পোরেশন কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৮৯ এর ৩৯ (ক) ও (খ) (গ) উপ-ধারা মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের এর অপরাধে অভিযুক্ত করে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৯/২০১৭ রুজু করে অভিযোগনামা প্রণয়ন করা হলো।

এমতাবস্থায়, উল্লেখিত বিধিমালার ৪০ (১) বিধির (খ) উপ-বিধির (ঈ) মতে কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত করা হবে না অথবা ৪০ (১) বিধির (খ) উপ-বিধিতে বর্ণিত অন্যকোন উপযুক্ত দন্ডারোপ করা হবে না তার লিখিত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ কর্ম দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ দেয়া হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানী দিতে ইচ্ছুক কি না জবাবে তা উল্লেখ করবেন। নির্ধারিত সময়ে জবাব প্রদানে ব্যর্থ হলে প্রতিয়মান হবে যে, আনীত অভিযোগের বিষয়ে আপনার কোন বক্তব্য নেই এবং সে ক্ষেত্রে একতরফাভাবে কর্তৃপক্ষ অভিযোগ নিস্পত্তির এখতিয়ার সংরক্ষণ করেন।

যে অভিযোগের উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে তার একটি অনুলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২৭/০৫/২০১৭

(মোঃ মেসবাহুল ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ফোন ঃ ৯৮৯৪৩৯২
ফ্যাক্স ঃ ৮৮৩৪৮৯৩

ড. আব্দুর রাজ্জাক
নির্বাহী প্রকৌশলী(পুর)
প্রকৌশল বিভাগ,অঞ্চল-০৫
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

স্থায়ী ঠিকানাঃ
পিতা- মোঃ হারেজ আহমেদ
গ্রাম ও পোঃ- কালাইয়া
উপজেলা- বাউফল,জেলা-পটুয়াখালী।